

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, জয়পুরহাট
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: addncjoypurhat@gmail.com


স্মারক নং- ৪৪.০৪.৩৮০০.১৫৮.১০.০০১.১৮-১৯;

তাং-১৬/০২/২০২২খ্রিঃ

“কোটেশন বিজ্ঞপ্তি”

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২১-২০২২ অর্থ বছরের জানুয়ারী/২০২২ইং হতে জুন/২০২২ইং সময়কালের জন্য খাদদ্রব্য কোড নং-৩২৫৪১০২ (রেশন সামগ্রী) চিনি, দেশী মস্তুর ডাল ও সয়াবিন তৈল সরবরাহের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে (প্রতি কেজির/লিটারের মূল্য ভ্যাট ও আয়করসহ) নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	দপ্তর	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
১	সংগ্রহকারী সত্তার নাম ও ঠিকানা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট।
২	অর্থের উৎস	রাজস্ব বরাদ্দ ২০২১-২০২২ খাদদ্রব্য কোড নং-৩২৫৪১০২(রেশন সামগ্রী)
৩	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	Request for Quotation's Method
৪	ক্রয়তব্য পণ্য সামগ্রীর বর্ণনা	জানুয়ারী/২০২২ইং হতে জুন/২০২২ইং তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের খাদদ্রব্য কোড নং-৩২৫৪১০২ (রেশন সামগ্রী) চিনি, দেশী মস্তুর ডাল ও সয়াবিন তৈল ক্রয়।
৫	দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময়	২২/০২/২০২২ তারিখ বেলা ১১ঃ০০ ঘটিকা
৬	দরপত্র খোলার তারিখ ও সময়	২২/০২/২০২২ তারিখ বেলা ১২ঃ৩০ ঘটিকা
৭	কার্য সম্পাদনের সময়সীমা	কার্যাদেশ প্রদানের ০৭ দিনের মধ্যে সিডিউল মোতাবেক রেশন সামগ্রী (চিনি, দেশী মস্তুর ডাল, ও সয়াবিন তৈল) নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমাপূর্বক বিল দাখিল করতে হবে। বিলের অর্থ/টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তা পদবী	সহকারী পরিচালক
৯	দরপত্র আহ্বানকারী কর্মকর্তা নাম	মো: রফিকুল ইসলাম
১০	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা	সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট।
১১	দরপত্র জমা দেওয়ার স্থান	সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, শান্তিনগর, স্টেশন রোড, জয়পুরহাট।
১২	দরপত্র দাখিলের সময় প্রদত্ত তথ্য	ক) হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি খ) হালনাগাদ আয়কর পরিশোধের ফটোকপি গ) হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ঘ) ব্যাংক আর্থিক সচ্ছলতার সার্টিফিকেট
১৩	বিশেষ নির্দেশনা	দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। কোন প্রকার অসত্য বা ভুল তথ্য দাখিল করিলে তাঁর দরপত্র বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যেকোন পর্যায়ে মালামালের পরিমাণ হ্রাস/ বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। পরিবর্তিত পরিস্থিতি বিবেচনায় ও চলতি বাজার দরের সাথে মূল্য সমন্বয় (হ্রাস/বৃদ্ধি) ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ/বদলী কারণে সংশ্লিষ্ট মাসে যতজন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছে সেই মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। মাস ভিত্তিক বা এককালীন একাধিক মাসের জন্য কর্তৃপক্ষ মালামাল সরবরাহের চাহিদাসহ কার্যাদেশ প্রদান করিতে পারবেন এবং মালামাল মান সম্পন্ন হতে হবে। সিডিউল বর্ণিত রেশনের মূল্য বাজার দরের ভিত্তিতে কম বা বেশি মূল্যে বিল পরিশোধ করা হবে।


(মো: রফিকুল ইসলাম)

সহকারী পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও
সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি।

বিতরণঃ

- ১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
- ২। নোটিশ বোর্ড, পুলিশ সুপারের কার্যালয়, জয়পুরহাট।
- ৩। নোটিশ বোর্ড, বিআরটিএ, জয়পুরহাট।
- ৪। নোটিশ বোর্ড, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, জয়পুরহাট।
- ৫। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, জয়পুরহাট।
- ৬। নোটিশ বোর্ড, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জয়পুরহাট।
- ৭। জয়পুরহাট জেলার স্থানীয় ঠিকাদার।